

Revision Work

বোধপরীক্ষণ

নীচের অনুচ্ছেদটি পড়ে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :-

এক যে ছিল বোকা জোলা। তার বুদ্ধিশুদ্ধি একেবারেই ছিল না। কাস্তে গরম হলে সে ভাবে কাস্তের জ্বর হয়েছে। মায়ের জ্বর হলে তাকে পুকুরে চুবিয়ে রাখে, মা মরে যায়। তার কান্না শুনে শেয়াল বলে দুঃখ করে কেঁদো না, রাজার মেয়ের সঙ্গে বিয়ে দেব। শেয়াল জোলায় সম্পর্কে রাজাকে মিথ্যে সব কথা বলল। রাজকন্যার সঙ্গে বোকা জোলায় বিয়ে হল। সেখানে সে নানাধরনের বোকামি করল। বউ খুব বুদ্ধিমতী। বোকা জামাইয়ের কথা কাউকে বলল না।

১। মায়ের জ্বর হলে তাকে চুবিয়ে রাখত - (নদীতে / কুয়োতে / পুকুরে)।

২। জোলায় সঙ্গে বিয়ে হয়েছিল - (রাজকন্যার / মন্ত্রীকন্যার / সেনাপতিরকন্যার)।

৩। জোলায় বউ ছিল - (বোকা / বুদ্ধিমতী / মূর্খ)।

৪। জোলায় বিয়ে দিয়েছিল - (শেয়াল / বাঘ / জোলায় মা)।

৫। কাস্তে গরম হলে জোলা ভাবত তার - (খিদে পেয়েছে / জ্বর এসেছে / ঘুম পেয়েছে)।

৬। দুঃখ শব্দটির বিপরীত শব্দ হবে - (কান্না / আনন্দ / সুখ)।